

		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b></p> <p><b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b></p> <p><b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b></p>		

**সম্ভাব্য বন্যা থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**  
**(রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, জামালপুর, সিরাজগঞ্জ ও বগুড়া জেলার জন্য)**

প্রকাশের তারিখ: ২৩ জুন, ২০২৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুসারে আগামী ৪৮ ঘণ্টায় যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং দুধকুমার নদী বিপদসীমার কাছাকাছি অবস্থান করতে পারে। কুড়িগ্রাম, রংপুর, গাইবান্ধা, জামালপুর, বগুড়া ও সিরাজগঞ্জ জেলার নদী সংলগ্ন নিম্নাঞ্চল ও চর অঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
- ২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৩। জমির আইল উঁচু করে দিন।
- ৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।



(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com